

PRINT

# সমকাল

## 'সেশনজট নিয়ে মন্ত্রীর বক্তব্য আবেগনির্ভর'

১৪ ঘণ্টা আগে

### বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

'দেশের কোনো শিক্ষা প্রতিষ্ঠানে সেশনজট নেই' জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের এমন বক্তব্য আবেগনির্ভর বলে মন্তব্য করেছে সরকারি চাকরিতে প্রবেশের বয়স ৩৫ করার দাবিতে আন্দোলনের প্ল্যাটফর্ম বাংলাদেশ সাধারণ ছাত্র পরিষদ। শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে সংগঠনের নেতারা এ মন্তব্য করেন।

৬ জুন জাতীয় সংসদে সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা নিয়ে ছাত্রছাত্রীদের দাবির বিষয়টি নাকচ করে দেন জনপ্রশাসনমন্ত্রী। অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে সেলিনা বেগমের লিখিত প্রশ্নের জবাবে তিনি জানান, সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩৫ বছর করার কোনো উদ্যোগ আপাতত সরকারের নেই। বর্তমানে দেশের কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে সেশনজট নেই। সংগঠনের সভাপতি ইমতিয়াজ হোসেন বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে কোনো সেশনজট নেই আর ঢাকা শহরে যানজট নেই কথাটি একই সূত্রে গাঁথা। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাতটি কলেজের দীর্ঘ সেশনজট রয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০০৮ থেকে ২০১৫ পর্যন্ত ২-৩ বছর সেশনজট ছিল।

সংগঠনটির সাধারণ সম্পাদক এমএ আলী বলেন, জনপ্রশাসন মন্ত্রী বলেছেন 'বর্তমানে কোনো সেশনজট নেই।' পূর্বে যাদের ৩-৪ বছরের সেশনজট ছিল তাদের জন্য উনি কী করবেন। আমাদের এই ক্ষতিপূরণ কে দেবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাংলাদেশ সাধারণ ছাত্র পরিষদের কেন্দ্রীয় কমিটির সিনিয়র সহসভাপতি আমিনুল ইসলাম, ছাত্র পরিষদের সমন্বয়ক রাজু, সেলিম, ইডেন কলেজের ছাত্রী সুরাইয়া ইয়াসমিন প্রমুখ।

ঈদের আগে সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা ৩৫ করার দাবি জানানো সংবাদ সম্মেলন থেকে। অন্যথায় ঈদের পর কঠোর কর্মসূচি দেওয়ার হুঁশিয়ারি দিয়ে তিন দিনের কর্মসূচি ঘোষণা করা হয়।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com